আজ তেহরানের ফ্রিডম স্কয়ারে নেওয়া হবে খামেনির কফিন



ছবি: আল জাজিরা

ইরানের সাবেক সর্বোচ্চ নেতা আলি খামেনির কফিন আজ সোমবার রাজধানী তেহরানের ফ্রিডম স্কয়ারে নেওয়া হবে। এর আগে রোববার তেহরানের গ্র্যান্ড মোসাল্লায় তার জানাজা অনুষ্ঠিত হয়।

কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা জানিয়েছে, গ্র্যান্ড মোসাল্লায় লাখো মানুষ খামেনি ও তার পরিবারের সদস্যদের প্রতি শেষ শ্রদ্ধা জানান। দেশের বিভিন্ন প্রান্ত থেকে মানুষ শেষ বিদায় জানাতে সেখানে সমবেত হন।

প্রতিবেদনে বলা হয়, ইরানের নেতৃত্বের কাছে এই আয়োজন শুধু শোক প্রকাশ নয়, বরং রাষ্ট্রীয় স্থিতিশীলতা ও ক্ষমতা হস্তান্তর প্রক্রিয়া নির্বিঘ্নে এগিয়ে চলার বার্তাও বহন করছে।

আজ ফ্রিডম স্কয়ারে জনসাধারণের শ্রদ্ধা নিবেদনের পর ৭ জুলাই খামেনির কফিন কোমে, ৮ জুলাই ইরাকের কারবালা ও নজফে এবং ৯ জুলাই ইরানের মাশহাদে নেওয়া হবে। মাশহাদেই তাকে দাফন করা হবে।

সূত্র: আল জাজিরা।

LENS ASIA